

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রোগ্রামের
De-Novo রেজিস্ট্রেশনের সমন্বিত নীতিমালা-২০২৬

- ক) বাউবি'র সকল প্রোগ্রামের ক্ষেত্রে যে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের নির্ধারিত মেয়াদে ৫০% কোর্স/বিষয় সম্পন্ন করেছেন কেবলমাত্র সেই সকল শিক্ষার্থী অবশিষ্ট কোর্স/বিষয়ের জন্য De-Novo রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবেন।
- খ) প্রোগ্রামভিত্তিক রেজিস্ট্রেশনের নির্ধারিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে নিম্নের ছকে উল্লিখিত প্রোগ্রাম ভিত্তিক De-Novo রেজিস্ট্রেশনের মেয়াদ নির্ধারিত হবে।

ক্রম	প্রোগ্রামসমূহের ধরন	De-Novo রেজিস্ট্রেশনের সর্বোচ্চ মেয়াদ (শিক্ষাবর্ষ)
১.	সার্টিফিকেট প্রোগ্রাম (০৬ মাস/০১ বছর মেয়াদী)	০২ বছর
২.	সার্টিফিকেট প্রোগ্রাম (এসএসসি ও এইচএসসি - ০২ বছর মেয়াদী)	০৪ বছর
৩.	ডিপ্লোমা প্রোগ্রাম (০১ বছর ০৬ মাস/০২ বছর মেয়াদী)	০৪ বছর
৪.	স্নাতক ডিগ্রী প্রোগ্রাম (০৩/০৪ বছর মেয়াদী)	০৪ বছর
৫.	স্নাতক পর্যায়ের প্রফেশনাল ডিগ্রী (০২/০৩ বছর মেয়াদী)	০৫ বছর
৬.	স্নাতক (সম্মান)/বিবিএ প্রোগ্রাম (০৪ বছর মেয়াদী)	০৫ বছর
৭.	স্নাতকোত্তর প্রোগ্রাম (০১ বছর মেয়াদী/০২ বছর মেয়াদী)	০৫ বছর
৮.	বিএড/বিএমএড (০১ বছর মেয়াদী)	০৩ বছর

- গ) পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি প্রোগ্রাম ভিত্তিক ফলাফল প্রকাশের পর রেজিস্ট্রেশনের নির্ধারিত মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের De-Novo রেজিস্ট্রেশনের আবেদন আস্থান করবেন।
- ঘ) প্রোগ্রাম ভিত্তিক রেজিস্ট্রেশনের নির্ধারিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরবর্তী ৩(তিন) বছরের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে স্ব স্ব স্কুলের ডিন বরাবর De-Novo রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে হবে।
- ঙ) সংশ্লিষ্ট স্কুলের ডিন De-Novo রেজিস্ট্রেশনের জন্য শিক্ষার্থীদের আবেদন প্রক্রিয়া করার জন্য এসএসএস বিভাগে প্রেরণ করবেন।
- চ) De-Novo রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারী শিক্ষার্থীদের আবেদন বাউবি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন হওয়ার পর সংশ্লিষ্ট শিক্ষার্থীদেরকে বাউবি নির্ধারিত হারে De-Novo রেজিস্ট্রেশন ফি প্রদান করতে হবে।
- ছ) শিক্ষার্থীর De-Novo রেজিস্ট্রেশনের আবেদন যে তারিখে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হবে সে তারিখ থেকে De-Novo রেজিস্ট্রেশনের মেয়াদকাল শুরু হবে এবং অনুচ্ছেদ 'খ'-এর ছকে উল্লিখিত সময় পর্যন্ত বহাল থাকবে।
- জ) De-Novo রেজিস্ট্রেশন সম্পন্নকারী কোনো শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে বা পরীক্ষায় অনুপস্থিত থাকলে De-Novo রেজিস্ট্রেশনের মেয়াদকালে পুনরায় পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য তাকে কেবলমাত্র উক্ত বিষয়ের পুনঃপরীক্ষা ফি জমা দিতে হবে।
- ঝ) রেজিস্ট্রেশনের নির্ধারিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরবর্তী ০৩ বছরের মধ্যে De-Novo রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারী শিক্ষার্থীদের De-Novo রেজিস্ট্রেশনের বিষয়টি সংশ্লিষ্ট স্কুলের ডিন অনুমোদন করতে পারবেন।
- ঞ) রেজিস্ট্রেশনের নির্ধারিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরবর্তী ০৩ বছরের মধ্যে কোনো শিক্ষার্থী De-Novo রেজিস্ট্রেশনের জন্য আবেদন না করে তৎপরবর্তী ০৩ বছরের মধ্যে রেজিস্ট্রেশনের নির্ধারিত মেয়াদ আবেদন করলে সংশ্লিষ্ট স্কুলের ডিন সুপারিশসহ মাননীয় প্রো-উপাচার্য কর্তৃক অনুমোদনের জন্য উক্ত শিক্ষার্থীদের আবেদন পরিচালক, এসএসএস বিভাগ বরাবর প্রেরণ করবেন। এ ক্ষেত্রে মাননীয় প্রো-উপাচার্য প্রোগ্রাম ভিত্তিক রেজিস্ট্রেশনের নির্ধারিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরবর্তী ০৬ বছরের মধ্যে De-Novo রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারী শিক্ষার্থীদের আবেদন অনুমোদন করতে পারবেন।
- ট) মাননীয় উপাচার্য বিশেষ বিবেচনায় তাঁর বিশেষ ক্ষমতাবলে রেজিস্ট্রেশনের নির্ধারিত মেয়াদ উত্তীর্ণ যে কোনো শিক্ষার্থীকে De-Novo রেজিস্ট্রেশনের অনুমতি প্রদান করতে পারবেন।